আজকের কাগজ

তারিখ ..2 3. OCT 1992 .. ...
পৃষ্ঠা... ৭ ... কলাম ... ৮ ...

100

# সুন্দরবন কলেজে ছাত্রলীগ–ছাত্রদল সংঘর্ষ আহত ২০

খুলনা প্রতিনিধি ঃ গতকাল বৃহস্পতিবার সকালে সুন্দরবন কলেজে ছাত্রলীগ (ম–ই) ও ছাত্রদলের কর্মীদের মধ্যে এক সংঘর্ষে উভয় সংগঠনের ২০ জন কর্মী আহত হয়েছে। আহতদের মধ্যে ছাত্রলীগের ৫ জন এবং ছাত্রদলের ১ জনকে খুলনা সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। ১ম বর্ষ ছাত্র–ছাত্রীদের ক্লাস শুরু উপলক্ষে উভয় ছাত্র সংগঠন একই সময়ে একই স্থানে মিছিল বের করলে এ সংঘর্ষ বাঁধে। সংঘর্ষের সময় উভয় ছাত্র সংগঠন হকিস্টিক, রামদা, লাঠি ও খুর ব্যবহার করে। ছাত্রলীগের যে সব কর্মী হাসপাতালে চিকিৎসাধীন আছে তারা হলো– এমদাদ, তাজুল, কামরুল ও কাজল এবং ছাত্রদলের মাহিম। উভয় সংগঠন হামলার জন্যে পরস্পরকে দায়ী করেছে। সন্ধ্যায় নগরীতে ছাত্রলীগ ও ছাত্রদল পৃথক পৃথক মিছিল বের করে। তবে কেউ মামলা দায়ের করেনি। শেষ খবর পাওয়া পর্যন্ত একটি আপোষ রফার উদ্দেশ্যে উভয় সংগঠন বৈঠকে বসেছে।